

১০৯৩
 ২৪

এইচএসসি

কুমিল্লা বোর্ডের ১৭ কেন্দ্র বাতিল
 পরীক্ষার্থী ৪৬ হাজার

প্রতিনিধি, কুমিল্লা

আগামী ১০ মে থেকে একযোগে দেশের ৭টি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা শুরু হবে। কুমিল্লা বোর্ডের পরীক্ষার্থী সংখ্যা ৪৬ হাজার ৫৭৩ জন। গত বছরের চেয়ে ৩ হাজার ১২৪ জন বেশি। কুমিল্লা বোর্ড আসন ব্যবস্থানত ১১১টি কেন্দ্রের মধ্যে এবার মোট ১৭টি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে। কেন্দ্র বাতিলের এই সংখ্যা বোর্ডের ঐতিহ্যবাহীন নব্বই।

চলতি বছরের এইচএসসি পরীক্ষায় বোর্ডের আওতাধীন ৬টি জেলার ২৭৭টি কলেজের মোট পরীক্ষার্থী সংখ্যা ৪৬ হাজার ৫৭৩ জন। এর মধ্যে ছাত্র ২৫ হাজার ৪০১ জন ও ছাত্রী ২১ হাজার ১৭২ জন।

কুমিল্লা বোর্ডের আওতাধীন ৬টি জেলার মধ্যে কুমিল্লা জেলার ১১৮টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা নব্বইটি ১৫ হাজার, ৮৩ জন। নোয়াখালী জেলার ৩৩টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ৭ হাজার ৩৭৬ জন। ফেনী জেলার ২২টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ৫ হাজার ৩ জন। ধাক্ষীপুর জেলার ২৩টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ৪ হাজার ৯১০ জন। চাঁদপুর জেলার ৪৬টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ৭ হাজার ৬৯৪ জন। ব্রাহ্মণবাড়িয়া জেলার ৩৫টি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ৬ হাজার ৫০৭ জন।

দেশের স্থায়ীত্ব পরবর্তী গত ৩৬ বছরের মধ্যে প্রতিবছরই কুমিল্লা শিক্ষা বোর্ড তার পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কুচি করেছে। মহী, এমপি ও পদস্থ আমলাদের চাপের মুখে বোর্ড নতুন নতুন কেন্দ্র ছাপনে বাধ্য হা। ২০০২ সালে বোর্ডের এইচএসসি পরীক্ষা কেন্দ্র সংখ্যা ছিল ১০৪টি। ২০০৬ সালে এ সংখ্যা দাঁড়ায় ৩টি আসন ব্যবস্থানত বাতিল। পৃঃ ১১ ৬ঃ ৫

বাতিল : ১৭ কেন্দ্র
 (১২ পৃষ্ঠার পর)

মোট ১২১টি। এবারই প্রথম কুমিল্লা শিক্ষা বোর্ড ৩টি আসন ব্যবস্থানত মোট ১৭টি পরীক্ষা কেন্দ্র বাতিল করে। তবে বোর্ড কর্তৃপক্ষ বলেছে, বাতিল নয়, স্থগিত করা হয়েছে।

১৯৬৩ সালে কুমিল্লা শিক্ষা বোর্ড স্থাপিত হওয়ার পর কোন বছরই এত বেশি সংখ্যক কেন্দ্র বাতিল বা স্থগিত করা হয়নি। বাতিল করা কেন্দ্রগুলো হলো- কুমিল্লা জেলায় কুমিল্লা-৭ কুমিল্লা মহিলা কলেজ, মুরাদনগর-৩ শামসুল হক কলেজ, চান্দিনা দোকাই নবাবপুর কলেজ, হোমনা-২ রামকৃষ্ণপুর কলেজ, মুরাদনগর-৪ কাশকাইট ব্যারিস্টার হুজুফ উলহাম নিয়া কলেজ, মনোহরগঞ্জ নীলকান্ত ডিগ্রি কলেজ, দেবিদ্বার, রাজামোহর ইন্ডিয়ান মন্ত্রকুল আহসান মুর্শি কলেজ, মনোহরগঞ্জ কলেজ (আসন ব্যবস্থা) এবং নাওরপেট্যা কলেজ, ধাক্ষীপুর জেলার রামগঞ্জ-৩ ডেন্টা কলেজ, চাঁদপুর জেলার কচুয়া-২ সাচার ডিগ্রি কলেজ, হাজিগঞ্জ দেশপাণ্ড কলেজ, চাঁদপুর-৪ মডুজা নোয়াজেম হোসেন চৌধুরী কলেজ, চাঁদপুর-৫ বাবুরহাট আইকুল আন্ড কলেজ এবং কাঁকরতলা জনতা কলেজ (আসন ব্যবস্থা), ব্রাহ্মণবাড়িয়া জেলার কনবা বৈষ্ণবাবাদ আদর্শ কলেজ, কনবা-২ মিত্র আবদুল্লাহ ওয়াজেদ মহিলা কলেজ।

পরীক্ষার্থী সংখ্যা ১৫০ জনের কম হওয়ায় এসব কেন্দ্র বাতিল করা হয়েছে বলে বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক এস এনকে মাসুমুল হক জানিয়েছেন। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা এবং নীতিমালাকে উপেক্ষা করে বোর্ড মনোহরগঞ্জ উপজেলা সদরে কেন্দ্র স্থাপন না করে ৬ কিলোমিটার দূরে চিতোষীতে মনোহরগঞ্জ কেন্দ্র স্থাপন করেছে। চাঁদপুর জেলার ওই চিতোষীতে বোর্ডের পাশাপাশি ২টি কেন্দ্র রয়েছে।